



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়



কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস-রিলিজ

তারিখ : ৩০/১২/২০১৯খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

পাশের হার ২৮.১১%

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষের ভর্তি পরীক্ষার ফলাফল ৩০ ডিসেম্বর ২০১৯ তারিখ সোমবার বিকাল ৪ টায় অনলাইনের মাধ্যমে প্রকাশিত হয়েছে। 'ক' ইউনিটে পাশের হার ২৫.৭৯%, 'খ' ইউনিটের পাশের হার ২৪.৬৯% এবং 'গ' ইউনিটে পাশের হার ৪২.২১%। ৩ টি ইউনিটে সামগ্রিকভাবে পাশের হার ২৮.১১%। ক, খ ও গ ইউনিটে মেধা তালিকার ১ম, ২য় ও ৩য় স্থানে রয়েছে বরিশাল শিক্ষা বোর্ড। ক ইউনিটে প্রথম হয়েছে বরিশাল শিক্ষা বোর্ডের দেবশ্রী সরকার, খ ইউনিটে প্রথম হয়েছে বরিশাল শিক্ষা বোর্ডের জুয়ারিয়া সাওদা এবং গ ইউনিটে প্রথম হয়েছে বরিশাল শিক্ষা বোর্ডের রুমি আক্তার। জীবনানন্দ দাশ কনফারেন্স হলে আয়োজিত ফলপ্রকাশ অনুষ্ঠানে আনুষ্ঠানিক ভাবে অনলাইনের মাধ্যমে ফলাফল প্রকাশ কার্যক্রমের উদ্বোধন করেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিন। এ সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, প্রভোস্ট, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, ছাত্র উপদেষ্টাবৃন্দ, পরিচালকগণ, শিক্ষকমণ্ডলী, শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, দপ্তর প্রধানগণ ও সাংবাদিকবৃন্দ। উল্লেখ্য, গত ২৭ ও ২৮ ডিসেম্বর ২০১৯ তারিখ ক, খ ও গ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিলো। বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের অধীন ২৪টি বিভাগের ১৪৪০টি আসনের বিপরীতে ৪৯,৯,৫৬ জন শিক্ষার্থী আবেদন করেছিলেন। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার ফলাফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <http://admission.eis.bu.ac.bd> এ পাওয়া যাবে। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের অনলাইনের মাধ্যমে চয়েজ ফরম পূরণ শুরু হবে ০১/০১/২০২০ তারিখ থেকে। ১ম মেধা তালিকা প্রকাশ করা হবে আগামী ১১/০১/২০২০ তারিখ। ১ম মেধা তালিকা থেকে ভর্তি কার্যক্রম ১৩/০১/২০২০ তারিখ থেকে শুরু হয়ে চলবে ১৬/০১/২০২০ তারিখ পর্যন্ত। ২০১৯-২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ক্লাস শুরু হবে আগামী ০৯/০২/২০২০ তারিখ।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস